



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০১.০১.০১৭.২০০৩-৬৪

তারিখঃ ৩ মাঘ, ১৪২৪ বঃ।
১৫ জানুয়ারি, ২০১৮ খ্রিঃ।

বরাবর
যুগ্মপরিচালক (সার)
বিএডিসি, ঢাকা।

বিষয়ঃ ঢাকা অঞ্চলের মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলায় ২০০ মেঃ টন সার গুদাম ও স্থাপনাদি সংক্রান্ত রিট পিটিশন নং-৮৪৯৮/২০১৬ এর নিষ্পত্তি প্রসঙ্গে।

সূত্রঃ বিএডিসির পক্ষের আইনজীবী জনাব মোঃ মুজিবুর রহমান (সম্মাট) এর ১৪/১২/২০১৭ তারিখের পত্র।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা অঞ্চলের মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলায় বিএডিসির ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও স্থাপনার ভাড়াটিয়া কর্তৃক চুক্তির শর্ত ভঙ্গ করায় দখল হস্তান্তর বিষয়ে হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮৪৯৮/২০১৬ মামলাটি ১৩/১২/২০১৭ তারিখে উভয় পক্ষের শুনানী অন্তে মাননীয় আদালত কর্তৃক Rule Discharge করা হয়েছে অর্থাৎ সংস্থার পক্ষে আদেশ প্রদান করা হয়েছে মর্মে বিএডিসির পক্ষে মামলা পরিচালনাকারী আইনজীবী জনাব মোঃ মুজিবুর রহমান (সম্মাট) পত্রে জানিয়েছেন। গুদামের দখল গ্রহণে আইনগত কোন বাধা আছে বলে প্রতীয়মান হয় না।

২. এমতাবস্থায়, আলোচ্য রিট মামলাটি সংস্থার পক্ষে নিষ্পত্তি হওয়ায় জরুরি ভিত্তিতে উক্ত সার গুদাম ও স্থাপনাসমূহ নিয়ন্ত্রণে এনে সংস্থার কাজে ব্যবহার এবং ভাড়াটিয়ার নিকট থেকে বকেয়া ভাড়া, ভ্যাট ও উৎসকর আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

(তুলসী রঞ্জন সাহা)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৬৪৩৫৯

e-mail: secretary@badc.gov.bd

সংযুক্তিঃ বর্ণনামোতাবেক।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. জেলা প্রশাসক, মানিকগঞ্জ, প্রয়োজনীয় প্রশাসনিক ও আইনগত সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

৩. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

৪. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৫. অফিস কপি।